# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**24-04-2026** **Time: 1.30 PM**

## বিশেষ বিশেষ খবরঃ-

১) পশ্চিমবঙ্গের দ্বিতীয় তথা চূড়ান্ত দফায় 142 টি আসনে আগামী ২৯ এপ্রিল ভোটগ্রহণের আগে প্রচার জমে উঠেছে।

# বরিষ্ঠ বিজেপি নেতা,প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন পশ্চিমবঙ্গের মানুষ পরিবর্তনের পক্ষেই ভোট দিয়েছেন ।

তৃণমূল কংগ্রেস সুপ্রিমও মমতা ব্যানারজি আজ ভবানিপুরে সভা করবেন ।

২) পশ্চিমবঙ্গের বিধানসভা নির্বাচনের প্রথম দফার ভোট শেষ হওয়ার পর কয়েকটি নতুন নির্বাচনী পরবর্তী নির্দেশিকা জারি করেছে নির্বাচন কমিশন

৩) পশ্চিমবঙ্গের বিশেষ নিবিড় সংশোধন প্রক্রিয়ার পর ভোটার তালিকা থেকে নাম বাদ পড়া ব্যক্তিদের দায়ের করা রিট পিটিশন সুপ্রিম কোর্ট শুনতে অস্বীকার করেছে ।

৪) আজ পঞ্চায়েতি রাজ দিবস নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে দেশজুড়ে দিনটি পালিত হচ্ছে

৫) সেনা প্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী, ইউএস আর্মি ওয়ার কলেজের ইন্টারন্যাশনাল হল অফ ফেমে অন্তর্ভুক্ত হয়েছেন ।

oooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গের দ্বিতীয় তথা চূড়ান্ত দফায় ১৪২টি আসনে আগামী ২৯ এপ্রিল ভোট গ্রহণের জন্য প্রচারাভিযান তুঙ্গে।

বিজেপির প্রবীণ নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ পানিহাটিতে এক নির্বাচনী জনসভায় দলীয় প্রার্থীদের সমর্থনে বক্তব্য রাখেন। উল্লেখ করা যেতে পারে, এই কেন্দ্র থেকেই বিজেপির হয়ে প্রতিদ্বন্দ্বিতার আসরে রয়েছেন, আর জি করের নিহত তরুণী পিজিটি চিকিৎসকের মা।

প্রধানমন্ত্রী বলেন, চৌঠা মে রাজ্যে দুর্নীতি, সিন্ডিকেটরাজ, নারী অপমান, অনুপ্রবেশ ও বেকারত্বের মুক্তি ঘটবে। তৃণমূল কংগ্রেস ইতোমধ্যে ভয় পেয়ে গেছেন বলে মন্তব্য করেন তিনি। ক্ষমতায় এলে রাজ্যে আয়ুষ্মান ভারত যোজনা চালু করা এবং অন্নপূর্ণা ভান্ডারের অধীনে মহিলাদের মাসিক তিন হাজার টাকা করে দেওয়ার কথা আবারও জানান তিনি।

প্রধানমন্ত্রী এরপর দক্ষিণ ২৪ পরগণার বারুইপুরে নির্বাচনী জনসভায় অংশ নেবেন।

দলের অপর বরিষ্ঠ নেতা এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ একাধিক নির্বাচনী জনসভায় অংশ নেবেন। উত্তর ২৪ পরগণার হিঙ্গলগঞ্জ এবং হুগলীর কোন্নগরে জনসভায় ভাষণের পাশাপাশি জগদ্দলে তাঁর রোড শোর কর্মসূচী রয়েছে।

অন্যদিকে তৃনমূল কংগ্রেস সভানেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর ভবানীপুরে জনসংযোগ করার কথা। দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় আজ হাওড়া, দক্ষিণ ২৪ পরগণার একাধিক জায়গায় নির্বাচনী সভা ও রোড শো করবেন।

বিহারের প্রাক্তন উপ মুখ্যমন্ত্রী আরজেডি নেতা আজ তৃণমূল কংগ্রেস প্রার্থীর সমর্থনে খড়দা বিধানসভা কেন্দ্রে একটি জনসভায় ভাষণ দেবেন।

oooooooooooooooooooooo

বরিষ্ঠ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ দাবি করেছেন, পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনের প্রথম দফার ভোটে তার দল খুব ভালো ফল করবে । কলকাতার নিউটউন এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, প্রথম দফার 152 টি আসনের মধ্যে বিজেপির 110 টি আসনে জয়লাভের প্রবল সম্ভাবনা রয়েছে । তিনি সুষ্ঠু ভাবে নির্বাচন করার জন্য, নির্বাচন কমিশন এবং নিরাপত্তা বাহিনীকে ধন্যবাদ জানান । শ্রী শাহ বলেন, তৃণমূল কংগ্রেসের বিদায় প্রায় নিশ্চিত হয়ে গেছে । বিজেপি নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে পশ্চিমবঙ্গে সরকার গঠন করবে । তিনি আরও

বলেন, ভয়মুক্ত পরিবেশে মানুষ ভোট দিয়েছেন, তাদের ভোট পশ্চিমবঙ্গের পরিবর্তন ও উন্নয়নের লক্ষ্যেই যাবে।

(বাইট – অমিত শাহ্)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ পশ্চিমবঙ্গের বিধানসভা নির্বাচনের প্রথম দফায় ঐতিহাসিক ভোটদানের জন্য রাজ্যের ভোটারদের অভিনন্দন জানিয়েছেন। সমাজ মাধ্যমে এক বার্তায় শ্রী শাহ বলেছেন গণতন্ত্রের এই উৎসবে অংশগ্রহণের ক্ষেত্রে অতীতের সমস্ত রেকর্ড ভেঙে গেছে। তিনি এ জন্য ভোটারদের প্রশংসা করেছেন। তিনি বাংলার ইতিহাসে সবচেয়ে শান্তিপূর্ণ ও সুরক্ষিত ভোটগ্রহণ নিশ্চিত করার জন্য নির্বাচন কমিশন, কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী এবং পশ্চিমবঙ্গ পুলিশকেও অভিনন্দন জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভোট-পরবর্তী প্রক্রিয়ায় স্বচ্ছতা ও নিরাপত্তা আরও জোরদার করতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর একাধিক পদক্ষেপ নিয়েছে। এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, ভোটগ্রহণ শেষ হওয়ার পর কোনও অবস্থাতেই বুথে বসেই ক্যামেরার মাইক্রো এসডি কার্ড খোলা যাবে না। নির্দিষ্ট প্রক্রিয়া মেনে তা সেক্টর অফিসারের তত্ত্বাবধানে হস্তান্তর করতে হবে।

ভোট মিটে যাওয়ার পর সেক্টর অফিসার, সংশ্লিষ্ট বুথে গিয়ে ইভিএম সিল করা-সহ অন্যান্য কাজ তদারকি করবেন। সেই সময়েই টেকনিশিয়ানের উপস্থিতিতে ক্যামেরা খুলে নেওয়া হবে। তবে তার মেমরি কার্ড কোনওভাবেই বের করা যাবে না।

আরও জানানো হয়েছে, বুথে ক্যামেরা সম্পূর্ণভাবে অপসারণ না হওয়া পর্যন্ত কোনও পোলিং পার্টি বা বিএলও বুথ ছেড়ে যেতে পারবেন না। এই নির্দেশ অমান্য করলে কঠোর ব্যবস্থা নেওয়া হতে পারে বলেও ইঙ্গিত মিলেছে।

ভোট-পরবর্তী সমস্ত ডেটা ভিডিও আকারে সংরক্ষণের জন্য আলাদা ব্যবস্থা রাখা হয়েছে। রিসিভিং সেন্টারে অন্তত দু'টি কাউন্টার খোলা থাকবে, যেখানে ক্যামেরা জমা নেওয়া হবে।

এদিকে ইভিএমগুলির নিরাপত্তায় কঠোর ব্যবস্থআ নিচ্ছে প্রশাসন। মোতায়েন রয়েছে কেন্দ্রীয় বাহিনী।

আগেই জানানো হয়েছে, রাজ্যে প্রথম দফায় শেষ খবর পাওয়া পর্যন্ত রেকর্ড ৯২ দশমিক ৮/৮ শতাংশ ভোট পড়েছে, স্বাধীনতার পর যা সর্বোচ্চ। ১৬ টি জেলায় ১৫২ টি আসনে দু একটি

বিক্ষিপ্ত ঘটনা ছাড়া মোটের ওপর ভোটদান ছিল শান্তিপূর্ণ। কোচবিহারে সবচেয়ে বেশি ৯৬ দশমিক ০/৬ শতাংশ ভোট পড়েছে। কালিম্পং-এ সবচেয়ে কম ৮৩ দশমিক ০/৭ শতাংশ ভোট পড়ার খবর মিলেছে। তবে ভোটের চূড়ান্ত হার এই মুহূর্তে বলা সম্ভব নয় বলে জানিয়েছেন, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগারওয়াল।

ooooooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গের বিশেষ নিবিড় সংশোধন প্রক্রিয়ার পর ভোটার তালিকা থেকে নাম বাদ পড়া ক্তিদের দায়ের করা রিট পিটিশন সুপ্রিম কোর্ট আর গ্রহণ করলে না-বলে জানিয়েছে। যদিও এই বাদ পড়া ব্যক্তিরা বিধানসভা নির্বাচনে, নির্বাচনী আধিকারিক হিসেবে তালিকাভুক্ত হয়েছে। সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি সূর্য কান্ত এর নেতৃত্বে একটি বেঞ্চ আবেদনকারীদের নির্দেশ দিয়েছেন, তারা যেন অ্যাপিল ট্রাইব্যুনালের দ্বারস্থ হন।

উল্লেখ্য, গত সপ্তাহের শুরুর দিকে শীর্ষ আদালত নির্দেশ দিয়েছিল, যে সব ব্যক্তিদের নাম বাদ গেছে তারা, 21 বা 27 তারিখের আগে অ্যাপিল ট্রাইব্যুনালের দ্বারা ছাড়পত্র পেলে ভোট দানের সুযোগ পাবেন।

oooooooooooooooooooooooo

সরকার তফসিলি জাতিভুক্ত ৭৫ লক্ষেরও বেশি শিক্ষার্থীর শিক্ষা ও ক্ষমতায়নে ২০২৫ - ২৬ অর্থবছরে ৭,৯৮১ কোটি টাকারও বেশি অর্থ প্রদান করেছে। সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রী ড. বীরেন্দ্র কুমার বলেছেন, সমাজের সর্বস্তরে নিবিড় উন্নয়ন এবং সামাজিক ন্যায় প্রতিষ্ঠার লক্ষ্যে সরকার দায়বদ্ধ। কল্যাণমূলক কাজের মাধ্যমে ক্ষমতায়নকে সু প্রতিষ্ঠিত করাই সরকারের লক্ষ্য।

তিনি বলেন, সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন দপ্তর তফসিলি জাতিভুক্ত প্রান্তিক শিক্ষার্থীদের শিক্ষাগত ক্ষমতায়নে বাড়তি গুরুত্ব দিয়ে একাধিক প্রকল্প কার্যকর করছে। অন্যান্য অনগ্রসর শ্রেণী , প্রবীণ নাগরিক, রূপান্তরকামী ব্যক্তি, অর্থনৈতিকভাবে দুর্বল শ্রেণী—উন্নয়নের লক্ষ্যে একাধিক আইন ও কল্যাণমূলক প্রকল্পে উদ্যোগী হয়েছে ।

ooooooooooooooooooooooooo

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ দেশ জুড়ে পালিত হচ্ছে পঞ্চায়েতি রাজ দিবস। পঞ্চায়েতি রাজ মন্ত্রকের পক্ষ থেকে আজ নতুন দিল্লিতে জাতীয় পঞ্চায়েতি রাজ দিবস উপলক্ষ্যে একটি অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর একটি বার্তা পাঠ করা হবে। এই দিনটিতে ৭৩ তম সাংবিধানিক

সংশোধনী আইনের মাধ্যমে দেশ জুড়ে পঞ্চায়েতি রাজ পরিকাঠামোর সাংবিধানিক মর্যাদাকে স্মরণ করা হয়। নতুন দিল্লিতে আয়োজিত মূল অনুষ্ঠানে উপস্থিত থাকবেন পঞ্চায়েতি রাজের প্রতিমন্ত্রী প্রফেসর এস পি সিং বাঘেল সহ বরিষ্ঠ আধিকারিকরা। ওই অনুষ্ঠানে গ্রামীণ স্থানীয় প্রশাসনের বিভিন্ন আধিকারিকদের মধ্যে নরেন্দ্র মোদীর বার্তা ছড়িয়ে দেওয়া হবে।

oooooooooooooooooooooo

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ জাতীয় পঞ্চায়েতিরাজ দিবস উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। সমাজ মাধ্যমের এক বার্তায় শ্রী শাহ বলেছেন পঞ্চায়েত পদ্ধতি ভারতের প্রাচীনতম গণতান্ত্রিক ঐতিহ্যের অন্যতম।এটি গণতন্ত্রের ভিত মজবুত করেছে। তিনি বলেন গ্রামীন উন্নয়ন, সু প্রশাসন , বিপর্যয় ব্যবস্থাপনা ইত্যাদি ক্ষেত্রে পঞ্চায়েতি রাজ ব্যবস্থা আত্মনির্ভরতার পরিচয় বহন করে।

ooooooooooooooooooooooooo

সেনা প্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী, ইউএস আর্মি ওয়ার কলেজের ইন্টারন্যাশনাল হল অফ ফেমে অন্তর্ভুক্ত হয়েছেন ।

জেনারেল দ্বিবেদী, জেনারেল ভি কে সিংহ এবং জেনারেল বিক্রম সিংহের পর তৃতীয় ব্যক্তি হিসেবে এই সম্মান পেলেন । কলেজ পরিদর্শনের সময়েই তিনি আজ, সেখানকার শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তাদের সঙ্গে বর্তমান পরিবর্তিত নিরাপত্তা পরিস্থিতি নিয়ে বক্তব্য রাখেন । এছাড়াও জেনারেল দ্বিবেদি, বিভিন্ন গবেষণা মূলক প্রকল্প ঘুরে দেখেন ।

উল্লেখ্য, তিনি এই আর্মি ওয়ার কলেজের প্রাক্তন শিক্ষার্থী ছিলেন ।

oooooooooooooooooooooo

সার্ক কারেন্সি সোয়াপ ফ্রেমওয়ার্কের অধীনে ভারত মালদ্বীপের জন্য ৩০ বিলিয়ন ভারতীয় মুদ্রার প্রথম কিস্তি অনুমোদন করেছে। এর ফলে এই দ্বীপ রাষ্ট্রের প্রতি ভারতের আর্থিক সমর্থনের বিষয়টি আরও গুরুত্ব পেল । সেদেশের ভারতীয় হাইকমিশন জানিয়েছে, ২০২৪ সালের অক্টোবর মাসে রাষ্ট্রপতি মহম্মদ মুইজ্জুর নতুনদিল্লি সফরের সময় এ বিষয়ে ভারতের রিজার্ভ ব্যাংক ও মালদ্বীপ সরকারের মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয়।

উল্লেখ্য, মালদ্বীপের চারশ মিলিয়ন মার্কিন ডলারের একটি আর্থিক সহায়তার মেয়াদ পূর্ণ হওয়ার পরপরই এই পদক্ষেপটি গ্রহণ করা হলো।

oooooooooooooooooooooo

বিদেশ মন্ত্রকের সচিব (পশ্চিম) সিবি জর্জ রাষ্ট্রসঙ্ঘের সন্ত্রাসবাদ দমন বিষয়ক ভারপ্রাপ্ত আন্ডার সেক্রেটারি-জেনারেল আলেকজান্ডার জুয়েভের সঙ্গে সাক্ষাৎ করেছেন। সমাজ মাধ্যমে এক বার্তায় বিদেশ মন্ত্রক জানিয়েছে, তাঁরা সন্ত্রাসবাদের হুমকি মোকাবিলায় রাষ্ট্রসঙ্ঘের সন্ত্রাসবাদ দমন দপ্তরের সঙ্গে ভারতের ঘনিষ্ঠ সহযোগিতার বিষয়ে আলোচনা করেছেন।

ooooooooooooooooooooooo

ভারতীয় নাগরিকদের কোনওভাবেই ইরানে না যাওয়ার পরামর্শ দিয়েছে তেহরানে ভারতীয় দূতাবাস। একটি নির্দেশিকায় দূতাবাস জানায়, বিমান চলাচলে বেশ কিছু নিষেধাজ্ঞা ও বিমান পরিচালনায় অনিশ্চয়তার কারণে ইরানে যাতায়াতের জন্য নির্ধারিত বিমান পরিষেবা ব্যহত হতে পারে। প্রয়োজনে ভারতীয় নাগরিকরা দূতাবাসের সঙ্গে যোগাযোগ করে স্থলপথে ইরান ছাড়তে পারেন।

oooooooooooooooooooooo

মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প জানান, গতরাতে হোয়াইট হাউসে আলোচনার পর তিন সপ্তাহের জন্য ইজরায়েল ও লেবানন যুদ্ধ বিরতির সময়সীমা বাড়ানোয় সম্মত হয়েছে। ১০ দিনের যুদ্ধ বিরতির সময় শেষ হচ্ছে আগামী সোমবার। গতকাল ওভাল অফিসে ইজরায়েল ও লেবাননের রাষ্ট্রদূতের সঙ্গে দ্বিতীয় দফার বৈঠক করেছেন ট্রাম্প। উল্লেখ্য, ইরান যতদিন না পর্যন্ত ঐক্যবদ্ধ প্রস্তাবে সম্মত হচ্ছে ততদিন ট্রাম্প সংঘর্ষ বিরতির সময় বৃদ্ধির কথা ঘোষণা করেন আগেই। পাশাপাশি মার্কিন রাষ্ট্রপতি হোয়াইট হাউসে একটি সাংবাদিক বৈঠকে ইরানের বিরুদ্ধে পারমাণবিক অস্ত্র প্রয়োগের কথা নস্যাৎ করে দিয়েছেন।

ooooooooooooooooooooooo

আই এস এস এফ জুনিয়র ওয়ার্ল্ড কাপ শুটিং প্রতিযোগিতায় ভারত দুটি সোনা সহ নটি পদক পেয়ে মেডেল তালিকায় শীর্ষে আছে। মিশরের কায়রোতে অনুষ্ঠিত এই প্রতিযোগিতায় গতকাল ৫০ মিটার রাইফেল ইভেন্টে মহিলাদের জুনিয়ার বিভাগের ফাইনালে প্রাচী গায়কোয়ার ৩৫৪ দশমিক চার পয়েন্টে পেয়ে সোনা জেতেন। পুরুষদের ১০ মিটার রাইফেলে জুনিয়র বিভাগে নারায়ণ প্রণব ব্রোঞ্জ পদক পান। ভারতের হয়ে দ্বিতীয় স্বর্ণপদক এনে দেন শিবা নরোয়াল। পুরুষদের ১০ মিটার পিস্তল ইভেন্টে তিনি এই সাফল্য দেখান।

oooooooooooooooooooooo

আইপিএল ক্রিকেটে আজ বেঙ্গালুরুতে এম চিন্নাস্বামী স্টেডিয়ামে, রয়েল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু খেলবে গুজরাট টাইটানসের বিরুদ্ধে। খেলা শুরু সন্ধ্যে সাড়ে সাতটায়।

আইপিএল ক্রিকেটে গতরাতে মুম্বাইয়ের ওয়াংখেড়ে স্টেডিয়ামে চেন্নাই সুপার কিংস ১০৩ রানের মুম্বাই ইন্ডিয়ান্স কে পরাজিত করেছে। জয়ের জন্য ২০৮ রানের লক্ষ্য তাড়া করে মুম্বাই ইন্ডিয়ান উনিশ ওভারে মাত্র ১০৪ রানে সকলে আউট হয়ে যায়।

এর আগে প্রথমে ব্যাট করতে নেমে চেন্নাই সুপার কিংস নির্ধারিত কুড়ি ওভারে ছয় উইকেটে ২০৭ রান করে।

oooooooooooooooooooooo

ooooooooooooooooooooooo